

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১২ জানুয়ারি, ২০১৫।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : আত্মসাত এবং বেশী বিল (**Over Billing**) করলে সেই টাকা জরিমানাসহ সংস্থায় ফেরৎ প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. সম্প্রতি কিছু অনৈতিক চারিত্রিক বৈশিষ্ট্যসম্পন্ন কর্মীর জন্য সংগঠনের আর্থিক ক্ষতিসহ এর ভাবমূর্তি নষ্ট হচ্ছে। তাই সকল পর্যায়ের কর্মীদের মধ্যে জবাবদিহিতা এবং স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো।
২. যে কোন পর্যায়ের কোন কর্মী কর্তৃক সংস্থার টাকা আত্মসাত বা কোন কাজ, পণ্য ক্রয় বা ভ্রমণ ইত্যাদির জন্য বেশী বিল (**Over Billing**) করলে ঐ কর্মীকে আত্মসাত বা বেশী বিল (**Over Billing**) র টাকাসহ আরো ৫০% হারে জরিমানা দিতে হবে। উদাহরণ স্বরূপ: কোনও কর্মী ১০০ টাকা আত্মসাত বা বেশী বিল (**Over Billing**) করলে তাকে ১০০/- টাকাসহ অতিরিক্ত আরো ৫০/-টাকা জরিমানা হিসাবে পরিশোধ করতে হবে। অর্থাৎ ১৫০/-টাকার সংস্থার সংশ্লিষ্ট অফিসের হিসাব বিভাগে জমা দিতে হবে।
৩. এ রকম আত্মসাত বা বেশী বিল (**Over Billing**) ধরা পড়লে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক সাথে সাথেই তাকে চিঠি দেবেন এবং আত্মসাতকৃত বা বেশী বিল (**Over Billing**) র টাকা নির্ধারিত তারিখের মধ্যে তিনি জমা দেবেন। এর সাথে তিনি সংস্থার নির্ধারিত ফরমেটে একটি (**Confessional Statement**) দেবেন যে ভবিষ্যতে তিনি এ ধরনের কাজ আর করবেন না।
৪. এ রকম ঘটনা যদি কোনও কর্মীর ক্ষেত্রে দুয়ের অধিক বার ঘটে তাহলে কোস্ট মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী তিনি বরখাস্তকরণের আওতায় পড়বেন।
৫. উক্ত সাকুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এটি আগামী ৩০ জানুয়ারি ২০১৫ তারিখ পর্যন্ত অফিসের নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং তারপর তা যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি : নির্বাহী পরিচালক
অফিস কপি

